CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Even Semester Exam., 2023**

# BENGALI

( Honours )

**( 4th Semester )**

Course No. : BNGHCC–401T

**( বিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে এবং এর প্রকাশকাল কত?

২। 'আজ সৃষ্টি সুখের উল্লাসে' কবিতায় কোন্ কোন্ ঋতুর উল্লেখ আছে?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩। 'মানুষ' কবিতায় কবি নজরুল যে দুজন পৌরাণিক রাখালের কথা বলেছেন, তাঁরা কারা?

৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্মসাল লেখো। তাঁর প্রকৃত নাম কী ছিল?

৫। 'পদ্মানদীর মাঝি' কোন্ ধরনের উপন্যাস? কুবের মাঝি কোন্ গ্রামের বাসিন্দা ছিল?

৬। মালার স্বামী ও কন্যার নাম কী?

৭। দ্বিজেন্দ্রলাল রায় রচিত 'সাজাহান' নাটকের কোন্ গানটি দেশাত্মবোধক সংগীত হিসেবে পরিচিতি পেয়েছে? এই নাটকে মোট কতটি গান আছে?

৮। 'সাজাহান' নাটকের প্রথম দৃশ্যে কোন্ স্থানের এবং কোন্ সময়ের উল্লেখ আছে?

৯। মহামায়া কে? দারার কন্যার নাম কী?

১০। 'মহেশ' গল্পটি প্রথম কবে, কোথায় প্রকাশিত হয়েছিল?

১১। 'পুঁইমাচা' গল্পের ক্ষেন্তির বয়স কত ছিল? তার বর কীসের ব্যবসা করত?

১২। 'তারিণী মাঝি' গল্পে হড়পা বান কোন্ নদীতে, কত বছর আগে শেষ বারের মত এসেছিল?





১৩। 'বনফুল' কার ছদ্মনাম? 'শ্রীমধুসূদন' নাটকটির প্রকাশকাল লেখো।

১৪। 'শ্রীমধুসূদন' নাটকের প্রথম দৃশ্যে মধুসূদন দত্ত কার কার উদ্দেশ্যে 'blue-eyed' এবং 'blue skinned' শব্দ দুটি ব্যবহার করেছেন?

১৫। মধুসূদন শেষ জীবনে কোথায় ছিলেন? ২৯শে জুন ১৮৭৩, রবিবার দিনটির তাৎপর্য কী?

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। 'জীবন বন্দনা' কবিতায় কবি নজরুল ইসলাম শ্রমজীবী মানুষদের যেভাবে জীবনবন্দনা করেছেন তা নিজের ভাষায় আলোচনা করো।

১৭। কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতা অবলম্বনে কবির ধর্মীয় চেতনার পরিচয় দাও।

১৮। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে বিবৃত হোসেন মিয়া চরিত্রটির পর্যালোচনা করো।

১৯। আঞ্চলিক উপন্যাস হিসেবে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি আলোচনা করো।

২০। 'সাজাহান' নাটককে ট্র্যাজেডি নাটক বলা যায় কীনা, বিচার করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২১। ‘সাজাহান’ নাটকের নায়ক সাজাহান না ঔরঙ্গজীব? আলোচনা করো।

২২। “মানুষের মনের অবচেতনে তলিয়ে থাকা যেসব প্রবণতা আকস্মিকভাবে জেগে ওঠে পারিপার্শ্বিকের অপ্রতিরোধ্য প্ররোচনায়—তাদের একটি ছিল আত্মরক্ষার সহজাত বৃত্তি।” ‘তারিণী মাঝি’ গল্প অবলম্বনে বক্তব্যটি বিশদ করো।

২৩। ‘ফসিল’ গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি সার্থক তা আলোচনা করো।

২৪। ‘শ্রীমধুসূদন’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

২৫। ‘শ্রীমধুসূদন’ নাটক অবলম্বনে মধুসূদনের চরিত্র চিত্রণ করো।

★★★